

জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
১১০, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
ফোন নং-৯৫৫০৮৭৩

Website: www.janata bank-bd.com

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১০৩৯/২১

তারিখঃ ০৪/০৫/২০২১ইং
২১ বৈশাখ ১৪২৮বাং

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়ঃ শিডিউল অব চার্জেস এর অন্তর্ভুক্ত সঞ্চয়ী হিসাবের বিপরীতে Account Maintenance Fee এক বৎসরের জন্য
পরিবর্তন প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয় এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার
নং-২১ তারিখঃ ১১/০৪/২০২১ এর নির্দেশনা নিম্নরূপঃ

উদ্ধৃতঃ

“ ২। বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৯ এর মাধ্যমে ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী
করার লক্ষ্যে গড় আমানত স্থিতির উপর ভিত্তি করে সঞ্চয়ী হিসাবের বিপরীতে রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance
Fee) যৌক্তিকীকরণপূর্বক পুনঃনির্ধারণ করে দেয়া হয়। উক্ত পুনঃনির্ধারিত হার অনুযায়ী ব্যাংকসমূহ প্রতি ষাণ্মাসিকে একবার অর্থাৎ
বছরে দুইবার একটি হিসাব হতে Account Maintenance Fee আদায় করতে পারে।

৩। এফ্রণে, করোনা ভাইরাস সংক্রমণজনিত কারনে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা
প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতিবিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে
বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় করার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা
যাচ্ছে।

৪। এ নির্দেশনা শুধুমাত্র ২০২১ পঞ্জিকা বছরের জন্য প্রযোজ্য হবে।


ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল। ”

অনুদ্রুতঃ

উল্লেখ্য যে, ইতোপূর্বে জারিকৃত অত্র ব্যাংকের নির্দেশ বিজ্ঞপ্তি নং-৯১০/১৯ তারিখঃ ১৩/১১/২০১৯ এর মাধ্যমে সঞ্চয়ী হিসাবে
Account Maintenance Fee আদায়ের যে নির্দেশনা দেয়া হয়েছিল বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনায় ১(এক)
বছরের জন্য এর আংশিক পরিবর্তন হল।

উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হল।।

আপনার বিশ্বস্ত,


জয়েদা বেগম
উপ-মহাব্যবস্থাপক


শ্যামল কুমার সাহা
মহাব্যবস্থাপক